এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : ২ | ৮ | ৬

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ জনাব জনির রাজশাহীতে বিশাল একটি আমের বাগান আছে। প্রতি বছর তিনি আম বাগান থেকে প্রচুর অর্থ উপার্জন করেন। গত বছর আমের বাম্পার ফলনের কারণে আমের যোগান বৃদ্ধি পায়। এতে আমের মূল্য হ্রাস পায়। এ কারণে তিনি বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে আম সরবরাহের ব্যবস্থা করেন। এর ফলে স্থানীয় বাজারে প্রতি কেজি আম ২০ টাকা হলেও তিনি গড়ে ৩০ টাকায় সরবরাহ করতে সক্ষম হন। কিন্তু এরপরও তিনি ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হন।

ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদন কীভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে? ২

গ. উদ্দীপকে কোন ধরনের উপযোগ সৃষ্টির কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব জনির সমস্যা সমাধানে কোন উপযোগ সাহায্য করতে পারে বলে তুমি মনে করো? যুক্তিসহ মতামত দাও। ৪

২. ▶ জনাব সোহেল ও তার বন্ধু মানিক ২০১০ সালে ঢাকার উত্তরায় "পরশ" নামে একটি কাপড়ের দোকান চালু করেন। তারা ব্যবসায়ের অর্জিত মুনাফা সমানভাবে ভাগ করে নেন। অল্প সময়ের মধ্যে তারা ব্যবসায়ে ব্যাপক সাফল্য অর্জন করেন। এ সাফল্যে উৎসাহিত হয়ে সম্প্রতি তারা "নর্থ ফ্যাশন লিঃ" নামে একটি গার্মেন্টিস ফ্যাক্টরি স্থাপনের প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পাদন করেন।

ক. শ্রম কী? ১

খ. "ভূমি প্রকৃতির দান"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত "পরশ" প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা করো? ৩

ঘ. জনাব সোহেল ও মানিকের ব্যবসায় পরিবর্তনের সিদ্ধান্তটি কী যৌক্তিক বলে তুমি মনে করো? সংগঠনের ধরন উল্লেখপূর্বক মতামত দাও। ৪

৩. ▶ জনাব সজল একটি কার্পেট ইন্ডাস্ট্রির মালিক। তিনি তার জনবল ও যন্ত্রপাতি ব্যবহার করে প্রতিদিন ১০০টি কার্পেট উৎপাদন করেন। পরবর্তীতে প্রতিদিন একই জনবল ও যন্ত্রপাতি ব্যবহার করে ১০০ থেকে ১৫০ পিস কার্পেট তৈরিতে সক্ষম হন। এতে তার দীর্ঘমেয়াদি গড় উৎপাদন ব্যয় হ্রাস পায়। সম্প্রতি বর্ধিত চাহিদা পূরণের জন্য তিনি কার্পেটের উৎপাদন ২০০ পিসে উন্নীত করেন। এতে তার দীর্ঘমেয়াদি গড় উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়।

ক. বৃহদায়তন এন্টারপ্রাইজ কী? ১

খ. "ক্ষুদ্র এন্টারপ্রাইজের গঠন ও পরিচালনা সহজ"— ব্যাখ্যা করো। ২

গ. ১০০ থেকে ১৫০ পিস কার্পেট উৎপাদন কোন ধরনের উৎপাদন মাত্রার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ধিত চাহিদা পূরণের লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? উৎপাদন মাত্রা বিবেচনায় তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪. ▶ ২০১৪ সালে দেশের জাতীয় আয়ের পরিমাণ ছিল ১,৮০,০০০ কোটি মার্কিন ডলার এবং মোট জনসংখ্যা ১৫ কোটি। উক্ত বছরে দেশের মোট ভোগ ব্যয় ৪০,০০০ কোটি মার্কিন ডলার মোট বিনিয়োগ ব্যয় ২০,০০০ কোটি মার্কিন ডলার এবং সরকারি ব্যয় ১০,০০০ কোটি মার্কিন ডলার। উল্লেখ্য যে, ২০১৩ সালে উক্ত দেশটির মাথাপিছু আয় ছিল ১০,০০০ মার্কিন ডলার।

ক. মোট জাতীয় উৎপাদন কী? ১

খ. GDP ও GNP এক নয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের সাহায্যে দেশটির ২০১৪ সালের GDP এর পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. "২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে 'ক' দেশটির জনগণের জীবনযাত্রার মান মাথাপিছু আয়ের ভিত্তিতে মূল্যায়ন করো। ৪

৫. ▶ রাকিব, রুমি ও রজন তিন বন্ধু ফ্যাশন ডিজাইনের উপর পড়ালেখা শেষ করে "সৃজন" নামক ফ্যাশন হাউস প্রতিষ্ঠা করেন। সারা বছর ধরে ভোক্তাদের পছন্দ অনুযায়ী আকর্ষণীয় বৈশিষ্ট্য সম্পন্ন পোশাকের ডিজাইন করেন। এর পাশাপাশি তারা প্রতি বছর বিজয় দিবস ও স্বাধীনতা দিবস উপলক্ষে দেশের ঐতিহ্য ও কৃষ্টি বিবেচনায় রেখে পোশাকের নতুন নতুন ডিজাইন করে থাকেন। এতে তাদের বিক্রয় উক্ত সময়ে ব্যাপকভাবে বৃদ্ধি পায় এবং প্রতিষ্ঠানটি সাফল্য অর্জনে সক্ষম হয়।

ক. উদ্যোগ কী? ১

খ. সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন কীভাবে প্রভাবিত হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের পণ্য ডিজাইনের প্রতি গুরুত্বারোপ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সৃজন'এর সাফল্যের মূল কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. ▶ জনাব সুজন গাজীপুরে একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। এ প্রতিষ্ঠানের বিপণনকৃত "বেস্ট ম্যাংগো" ও "বেস্ট পাইন অ্যাপেল" জুস অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের উপকরণে তৈরি হওয়ায় এবং জুসের প্যাকেটের গায়ে একটি জাতীয় প্রতিষ্ঠানের নাম অংকিত সিলমোহর থাকায় অল্প সময়ের মধ্যেই এ প্রতিষ্ঠানের জুস দেশীয় বাজারে সুনাম অর্জনে সক্ষম হয়েছে। সম্প্রতি জনাব সুজন মধ্যপ্রাচ্য ও ইউরোপের কয়েকটি দেশে জুস রপ্তানির সিদ্ধান্ত নিয়েছে। তাই এখন তিনি মান সম্পর্কে বিদেশি ক্রেতাদের আস্থা অর্জনের জন্য একটি প্রতিষ্ঠানের স্বীকৃতি গ্রহণের পদক্ষেপ গ্রহণ করেছেন।

ক. BSTI-এর পূর্ণরূপ কী? ১

খ. মান ব্যবস্থাপনা কীভাবে উচ্চ উৎপাদনশীলতা নিশ্চিত করে? ২

গ. প্রাথমিক পর্যায়ে জনাব সুজনের সাফল্যের পেছনে কোন প্রতিষ্ঠানের প্রভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সম্প্রতি জনাব সুজনের গৃহীত সিদ্ধান্তটি কী যৌক্তিক? মতামত দাও। ৪

http://teachingbd.com

৭. ▶ কোয়ালিটি সু কোম্পানি" বিভিন্ন উৎস থেকে উন্নতমানের কাঁচামাল সংগ্রহ করে উৎপাদন কার্যক্রম পরিচালনা করে। প্রতিষ্ঠানটি বর্তমান মাসে ৩০,০০০ জোড়া জুতা তৈরি করে। কিন্তু বিগত সময়ে উক্ত কোম্পানিটি প্রতি মাসে ৪০,০০০ জোড়া জুতা তৈরি করে আসছিল। এ কারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বাড়ানোর উদ্দেশ্যে আধুনিক প্রযুক্তি সম্পন্ন যন্ত্রপাতি ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. উৎপাদন ক্ষমতা ব্যবস্থাপকীয় দক্ষতার উপর নির্ভর করে— ব্যাখ্যা করো। ২

গ. "কোয়ালিটি সু কোম্পানিটির" উৎপাদন ক্ষমতা ব্যবহারের হার নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির গৃহীত সিদ্ধান্ত কী যৌক্তিক বলে তুমি মনে কর? উৎপাদন ক্ষমতার ধরন উল্লেখপূর্বক তোমার মতামত ব্যক্ত করো। ৪

৮. ▶ হাবীব সাহেব গাজীপুরে শিশুদের জন্য বিভিন্ন ডিজাইনের পোশাক তৈরির কারখানা প্রতিষ্ঠান করেন। এখানে তিনি আকর্ষণীয় ডিজাইনের পোশাক তৈরি করে ঢাকার বিভিন্ন শো-রুমে সরবরাহ করেন। সম্প্রতি তার তৈরিকৃত পোশাকের চাহিদা বৃদ্ধি পাওয়ায় শ্রমিকের অপর্যাপ্ততার কারনে হাবীব সাহেব সঠিক সময়ে পোশাক ডেলিভারী দিতে ব্যর্থ হন। এজন্য তিনি চিন্তিত হয়ে পড়েন।

ক. ব্যবসায়ের অবস্থান কী? ১

খ. কোন অবস্থান বাজারজাতকরণে সুবিধা প্রদান করে? ব্যাখ্যা করো। ২

গ. হাবীব সাহেবের পোশাকের কারখানাটি কোন ধরনের অবস্থানে গড়ে তুলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. পোশাক ডেলিভারীতে হাবীব সাহেবের ব্যর্থতার কারণ বিশ্লেষণ করো। ৪

৯. ▶ সম্প্রতি মুন্সীগঞ্জের মাওয়া পয়েন্টে শুরু হয়েছে দক্ষিনাঞ্চলের মানুষের স্বপ্নের পদ্মা সেতু নির্মাণের কাজ। এখানে নদীশাসন ও সেতু নির্মাণের অন্যান্য কাজ সম্পাদনের জন্য দেশ-বিদেশ থেকে বিভিন্ন ধরনের অত্যাধুনিক যন্ত্রপাতি, সরঞ্জামাদি ও অন্যান্য উপকরণ নিয়ে আসা হয়েছে। প্রতিদিন হাজারো শ্রমিক নিরন্তর কাজ করে যাচ্ছে সেতু নির্মাণে। চীনা বিশেষজ্ঞরা সম্পূর্ণ নির্মাণকাজ তত্ত্বাবধান এবং প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান করছে। আশা করা হচ্ছে, আগামী ২০১৮ সালের মধ্যেই এই স্বপ্নের সেতু নির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হবে।

ক. লে-আউট কী? ১

খ. বিন্যাসের মাধ্যমে কীভাবে স্থানের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হয়? ২

গ. উল্লিখিত উদ্দীপকে বিশেষজ্ঞদের কাজের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রকল্প বাস্তবায়নে যে ধরনের লে-আউট ব্যবহৃত হচ্ছে তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

## বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : 2 8 6

সময় : ৪০ মিনিট — পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
ⓚ Adam Smith ⓛ F.W Taylor
ⓖ Henry Fayol ⓖ Marshal

২. কর অবকাশ কোন শিল্পের জন্য জরুরি?
ক) নতুন শিল্প খ) পুরাতন শিল্প
গ) মাঝারি শিল্প ঘ) বৃহদায়তন শিল্প

৩. আয়-ব্যয়-সঞ্চয় নিচের কোন পরিবেশের অন্তর্ভুক্ত?
ক) রাজনৈতিক খ) সামাজিক
গ) প্রযুক্তিগত ঘ) অর্থনৈতিক

৪. ব্যবসায় প্রতিষ্ঠান কোথায় গড়ে উঠবে তা নির্ধারণ করে কে?
ক) উদ্যোক্তা খ) শ্রমিক
গ) ব্যবস্থাপক ঘ) পরিচালক

৫. প্রতিষ্ঠানের অবস্থানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়গুলো হলো —
i. ক্রেতাসাধারণের উপস্থিতি
ii. কাঁচামালের প্রাপ্যতা
iii. বিপণনের সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. ব্যবসায়ের কর্মকেন্দ্র সুবিন্যস্তভাবে সাজানোকে কি বলে?
ক) নকশা খ) লে-আউট
গ) সঠিক নিয়ন্ত্রণ ঘ) ব্যবস্থাপনা

৭. স্থির বিন্যাসের সুবিধা হলো?
i. নমনীয়তা
ii. ধারাবাহিক উপাদান
iii. পৃথক কর্মসূচি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. যন্ত্রপাতি বিন্যাস কীসের অন্তর্ভুক্ত?
ক) মান ব্যবস্থাপনা
খ) পণ্য ব্যবস্থাপনা
গ) শ্রমিক ব্যবস্থাপনা
ঘ) উৎপাদন ব্যবস্থাপনা

৯. ফিক্সড পজিশন লে আউটে কোনটি স্থির থাকে?
ক) পণ্য খ) কাঁচামাল
গ) যন্ত্রপাতি ঘ) শ্রমিক

১০. বিক্রয় কেন্দ্র স্থাপনের মাধ্যমে নিচের কোন লে আউট স্থাপিত হয়?
ক) প্রসেস খ) সার্ভিস
গ) প্রোডাক্ট ঘ) রিটেইল

১১. কোন ধরনের উৎপাদন ক্ষমতায় যন্ত্রের উৎপাদন ক্ষমতা বিবেচনা করা হয়?
ক) সর্বোচ্চ খ) প্রকৌশলগত
গ) কার্যকর ঘ) প্রকৃত

১২. উৎপাদন ক্ষমতা হ্রাসের কারণ কোনটি?
ক) কর্মীদের দক্ষতা
খ) যন্ত্রপাতির সদ্ব্যবহার
গ) দক্ষ ব্যবস্থাপনা
ঘ) চাহিদার পরিবর্তন

১৩. কোন ধরনের উৎপাদন ক্ষমতায় ব্যয় সাশ্রয় হয়?
ক) সর্বোচ্চ খ) কার্যকর
গ) প্রকৌশলগত ঘ) প্রকৃত

১৪. নিম্নের কোনটি ক্রেতা ও বিক্রেতার মধ্যে লিখিত চুক্তির মাধ্যমে সম্পাদিত হয়?
ক) পরীক্ষণ খ) পরিদর্শন
গ) ওয়ারেন্টি ঘ) প্রতীক্ষা

১৫. নিচের কোনটি BSTI-এর কাজ?
ক) পণ্য বিপণন
খ) ভোগ নিশ্চিতকরণ
গ) পণ্য বণ্টন নিশ্চিতকরণ
ঘ) পণ্যের মান নিয়ন্ত্রণ

১৬. সংশোধনমূলক ব্যয় কোন ধরনের কস্টের অন্তর্ভুক্ত?
ক) অ্যাপ্রাইজাল
খ) ইন্টারন্যাল ফেইলিওর
গ) এক্সটারনাল ফেইলিউর
ঘ) প্রিভেনশন

১৭. পণ্যের রং, ডিজাইন, আকার, বৈশিষ্ট্য ইত্যাদি হলো পণ্যের ——
ক) গুণাগুণ খ) ডিজাইন
গ) বৈশিষ্ট্য ঘ) মান

১৮. পণ্য ডিজাইন কত প্রকার?
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ৬

১৯. আইসক্রিম, চকোলেট, জুস ইত্যাদি পণ্যের ডিজাইন কোন ধরনের হওয়া উচিত?
ক) ব্যবহারিক খ) নান্দনিক
গ) উৎপাদন ঘ) প্যাকিং

Teachingbd.com

http://teachingbd.com

২০. কোন দেশে মান ব্যবস্থাপনার সূত্রপাত হয়?
ⓚ চীন ⓛ জাপান
ⓖ আমেরিকা ⓘ ইংল্যান্ড

২১. কোনটি উৎপাদনের মৌলিক উপাদান?
ⓚ ভূমি ⓛ মূলধন
ⓖ শ্রম ⓘ সংগঠন

২২. হিমাগার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ⓚ সময়গত ⓛ স্থানগত
ⓖ রূপগত ⓘ স্বত্বগত

২৩. উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে —
i. একক প্রতি উৎপাদন ব্যয় হ্রাস পায়
ii. প্রতিষ্ঠানের মুনাফা বেশি হয়
iii. প্রতিযোগীর সংখ্যা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

২৪. উৎপাদনশীলতা কিভাবে পরিমাপ করা হয়?
ⓚ আনুপাতিক হারে ⓛ মূল্যসূচকে
ⓖ পরিমাণ সূচকে ⓘ শতকরা হারে

২৫. উৎপাদন কী?
ⓚ চাহিদা সৃষ্টি ⓛ উপযোগ সৃষ্টি
ⓖ অভাব পূরণ ⓘ ক্রেতা সন্তুষ্টি

২৬. উৎপাদনের উৎপাদিত উপাদান কোনটি?
ⓚ ভূমি ⓛ শ্রম
ⓖ মূলধন ⓘ সংগঠন

২৭. নিচের কোন উপাদানটির উৎপাদন ব্যয় নেই?
ⓚ ভূমি ⓛ শ্রম
ⓖ মূলধন ⓘ সংগঠন

২৮. মূলধন গঠনের সর্বশেষ ধাপ কোনটি?
ⓚ অর্থ সংগ্রহ ও বিনিয়োগ
ⓛ আর্থিক সঞ্চয় সৃষ্টি
ⓖ সঞ্চয়কে মূলধন দ্রব্যে রূপান্তর
ⓘ আর্থিক সঞ্চয়ের সৃষ্টি

২৯. মাত্রাজনিত ব্যয় সংকোচনের ধারণাটি উৎপাদনের কোন স্তরকে নির্দেশ করে?
ⓚ নিম্নস্তর ⓛ কাম্য স্তর
ⓖ মধ্যম স্তর ⓘ সর্বোচ্চ স্তর

৩০. মামলা পরিচালনার ব্যয় কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত?
ⓚ নিবারণ ব্যয়
ⓛ মূল্যায়ন ব্যয়
ⓖ বাহ্যিক ব্যর্থতার ব্যয়
ⓘ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়

৩১. BSTI-এর পূর্ণনাম কী?
ⓚ Bangladesh Standard and Testing Incorporation
ⓛ Bangladesh Standardization & Testing Institution
ⓖ Bangladesh Standard & Testing Institute
ⓘ Bangladesh Standards and Testing Institution

৩২. উৎপাদন বৃদ্ধির ফলে একক প্রতি ——
ⓚ আয় হ্রাস পায় ⓛ ব্যয় হ্রাস পায়
ⓖ আয় বৃদ্ধি ⓘ ব্যয় বৃদ্ধি

৩৩. উৎপাদন মাত্রা কী?
ⓚ মোট সম্পদের পরিমাণ
ⓛ মোট মজুদের পরিমাণ
ⓖ মোট উৎপাদনের পরিমাপ
ⓘ মোট কাঁচামালের পরিমাপ

৩৪. জমি ও দালানকোঠা ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য ৫০ কোটি টাকা হলে কোন শিল্প হিসেবে গণ্য হবে?
ⓚ ক্ষুদ্র শিল্প
ⓛ মাঝারি শিল্প
ⓖ বৃহদায়তন শিল্প
ⓘ কুটির শিল্প

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব মাসফি কানাডার একটি ব্যাংকে চাকরি করেন। দেশে থাকা মা-বাবার জন্য তিনি প্রতি মাসে টাকা পাঠান।

৩৫. মাসফির পাঠানো টাকা কিসের অন্তর্ভুক্ত?
ⓚ GDP ⓛ GNP
ⓖ NNP ⓘ মাথাপিছু আয়

৩৬. মাসফির পাঠানো টাকায় যা হয় ——
i. অধিক কর্মসংস্থানের ব্যবস্থা
ii. অর্থনৈতিক অবস্থার উন্নয়ন
iii. সামাজিক অবস্থার উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৩৭. জাতীয় আয় সাধারণত কত বছর পর পর পরিমাপ করা হয়?
ⓚ ১ বছর ⓛ ২ বছর
ⓖ ৩ বছর ⓘ ৪ বছর

৩৮. নিচের কোনটি জাতীয় আয়ের বহির্ভূত?
ⓚ খাজনা ⓛ মজুরি
ⓖ সুদ ⓘ অবচয়

৩৯. উৎপাদন ব্যবস্থাপনার সাথে কয়টি M সম্পৃক্ত?
ⓚ ৪ ⓛ ৫
ⓖ ৬ ⓘ ৭

৪০. শিল্প বিপ্লব কোন দেশে সংগঠিত হয়?
ⓚ আমেরিকায় ⓛ জার্মানিতে
ⓖ রাশিয়ায় ⓘ ইংল্যান্ডে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ খ | ২ ক | ৩ ঘ | ৪ ক | ৫ ক | ৬ খ | ৭ ক | ৮ ঘ | ৯ ক | ১০ গ | ১১ খ | ১২ ঘ | ১৩ খ | ১৪ গ | ১৫ ঘ | ১৬ ঘ | ১৭ গ | ১৮ খ | ১৯ খ | ২০ ঘ |
| | ২১ ক | ২২ ক | ২৩ ক | ২৪ ক | ২৫ খ | ২৬ গ | ২৭ ক | ২৮ গ | ২৯ খ | ৩০ গ | ৩১ ঘ | ৩২ খ | ৩৩ গ | ৩৪ গ | ৩৫ খ | ৩৬ খ | ৩৭ ক | ৩৮ ঘ | ৩৯ গ | ৪০ ঘ |

Teachingbd.com